

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.০৪.০০১.২৩-২০৯

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ০৫ অক্টোবর ২০২৩ তারিখে বিশ্ব শিক্ষক দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি/আলোচনা সভা/সেমিনার আয়োজন।

সূত্র: বিশ্ব শিক্ষক দিবস উদযাপন উপলক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ২০/০৯/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ অক্টোবর ২০২৩ তারিখে “বিশ্ব শিক্ষক দিবস” উদযাপিত হবে। উক্ত দিবস উদযাপন উপলক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

“শিক্ষা প্রতিষ্ঠানে নিজ উদ্যোগে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের ভূমিকা এবং শিক্ষকদের প্রতি শিক্ষার্থীসহ সকলের শ্রদ্ধাবোধ এবং সম্মান বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা তৈরিতে প্রাক্তন এবং বর্তমানে কর্মরত শিক্ষক এবং শিক্ষার্থীসহ অংশীজনদের অংশগ্রহণে ০৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি/আলোচনা সভা/সেমিনারের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়”।

০২। বর্ণিতাবস্থায়, ০৫ অক্টোবর ২০২৩ তারিখ বিশ্ব শিক্ষক দিবসে তীর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি/আলোচনা সভা/সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো. মনিরুল ইসলাম মিলন)
সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৪৫৮২

- ১। চেয়ারম্যান,
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,
শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৬। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সাধারণ প্রশাসন শাখা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০৮.২২.১৮৫৮

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

০৫ অক্টোবর ২০২৩ তারিখ বিশ্ব শিক্ষক দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র্যালি/আলোচনা সভা/সেমিনার আয়োজন সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর ২৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৬২.০৪.০০১.২৩-২০৯ সংখ্যক স্মারক পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

২৭-০৯-২০২৩
বিপুল চন্দ্র বিশ্বাস
উপপরিচালক
০২-৯৫৫৬৪০২

ad-admin@dshe.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
- ২। অধ্যক্ষ, সরকারি/ বেসরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৪। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৫। প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) এবং
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০৮.২২.১৮৫৮/১ (৪)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় সচিবালয় বাংলাদেশ, ঢাকা;
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এবং
- ৪। সংরক্ষণ নথি।



২৭-০৯-২০২৩
বিপুল চন্দ্র বিশ্বাস
উপপরিচালক